সাধন কি মোর আসন নেবে হট্টগোলের কাঁধে ?
খাঁটি জিনিস হয় রে মাটি নেশার পরমাদে ॥
কথায় তো শোধ হয় না দেনা,   গায়ের জোরে জোড় মেলে না—
গোলেমালে ফল কি ফলে জোড়াতাড়ার ছাঁদে ?।
কে বলো তো বিধাতারে তাড়া দিয়ে ভোলায় ?
সৃষ্টিকরের ধন কি মেলে জাদুকরের ঝোলায় ?
মস্ত-বড়োর লোভে শেষে          মস্ত ফাঁকি জোটে এসে,
ব্যস্ত-আশা জড়িয়ে পড়ে সর্বনাশার ফাঁদে ॥

---